

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি আমার বিন মুরা আব্দুল্লাহ বিন হারিস থেকে শুনেনি- তাদের বক্তব্য অপনোদনে হাদীস

ذَكَرَ الْخَبْرَ الْمَدْحُضُ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ هَذَا الْخَبَرَ لَمْ يَسْمَعْهُ عَمْرُو بْنُ مُرَّةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ

আরবী

944 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنِي سَفِيَّانٌ قَالَ: حَدَّثَنِي عَمْرُو بْنُ مُرَّةَ قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ الْمَعْلَمُ قَالَ: حَدَّثَنِي طَلِيقُ ابْنِ قَيْسِ الْحَنْفِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ:

كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُو فَيَقُولُ: (اللَّهُمَّ أَعِنِّي وَلَا تُعِنْ عَلَيَّ وَانصُرْنِي وَلَا تَنْصُرْ عَلَيَّ وَامْكُرْ لِي وَلَا تَمْكُرْ عَلَيَّ وَاهْدِنِي وَيَسِّرْ لِي الْهُدَى وَانصُرْنِي عَلَى مَنْ بَغَى عَلَيَّ اللَّهُمَّ اجْعَلْنِي لَكَ شَكَارًا لَكَ ذَكَارًا لَكَ مَطْوَعًا إِلَيْكَ مُخْبِتًا لَكَ وَأَهًا مِنْبِيًا رَبِّ اقْبَلْ تَوْبَتِي وَاغْسِلْ حَوْبَتِي وَثَبِّتْ حُجَّتِي وَسَدِّدْ لِسَانِي وَاسْلُ سَخِيمَةَ قَلْبِي)

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 944 | خلاصة حكم المحدث: صحيح -

قَالَ أَبُو حَاتِمٍ: مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدٍ أَبُو صَالِحٍ مَا حَدَّثَنَا عَنْهُ أَبُو يَعْلَى إِلَّا هَذَا الْحَدِيثَ.

বাংলা

৯৪৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, اللَّهُمَّ أَعِنِّي وَلَا تُعِنْ عَلَيَّ وَانصُرْنِي وَلَا تَنْصُرْ عَلَيَّ وَامْكُرْ لِي وَلَا تَمْكُرْ عَلَيَّ وَاهْدِنِي وَيَسِّرْ لِي الْهُدَى وَانصُرْنِي عَلَى مَنْ بَغَى عَلَيَّ اللَّهُمَّ اجْعَلْنِي لَكَ شَكَارًا لَكَ ذَكَارًا لَكَ مَطْوَعًا إِلَيْكَ مُخْبِتًا لَكَ وَأَهًا مِنْبِيًا رَبِّ اقْبَلْ تَوْبَتِي وَاغْسِلْ حَوْبَتِي وَثَبِّتْ حُجَّتِي وَسَدِّدْ لِسَانِي وَاسْلُ سَخِيمَةَ قَلْبِي

تَوَيْتِي وَاغْسِلُ حَوْبَتِي وَثَبِّتْ حُجَّتِي وَسد لساني واسلل سخيمة قلبي (হে আমার প্রভু, আপনি আমাকে সাহায্য করুন, আপনি আমাকে সহযোগিতা করুন; আমার বিরুদ্ধে সাহায্য করবেন না, আমার জন্য কৌশল করুন; আমার বিপক্ষে কৌশল করবেন না, আমাকে হেদায়েত দিন, আমার জন্য হেদায়েতকে সহজ করে দিন, যে আমার প্রতি যুলুম করে, তার উপর আমাকে সাহায্য করুন। হে আমার প্রভু, আপনি আমাকে আপনার শোকরগুজার, আপনার যিকরকারী, আপনার অভিমুখী, আপনার অনুগত, বিনয়ী, আপনার দিকে প্রত্যাবর্তনকারী বান্দা করুন। হে আমার প্রভু, আপনি আমার তাওবা কবূল করুন, আমার পাপ ধুয়ে দিন, আমার দু'আ কবূল করুন, আমার দলীল প্রতিষ্ঠিত করুন, আমার অন্তরকে সঠিক পথে পরিচালিত করুন, আমার জবানকে শুদ্ধ করুন, আমার অন্তরের ময়লা বের করুন।)”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহ বলেন, “মুহাম্মাদ বিন ইয়াহইয়া বিন সাঈদ আবু সালিহ থেকে আবু ইয়ালা এই হাদীস ছাড়া অন্য কোন হাদীস আমাদের কাছে বর্ণনা করেননি।”

ফুটনোট

[1] আবু দাউদ: ১৫১০; হাকিম: ১/৫১৯-৫২০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৮০; মুসনাদ আহমাদ: ১/২২৭; তিরমিযী: ৩৫৫১; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬০৭; ইবনু মাজাহ: ৩৮৩০; আদাবুল মুফরাদ: ৬৬৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৫৩।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89449>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন